



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫।

গণ-বিজ্ঞপ্তি

নং-বিইআরসি/ট্যারিফ/গ্যাস(সিএনজি-ডটার)-০২/২০১০-১১/১৯৬১

তারিখ : ১৯ সেপ্টেম্বর, ২০১১


বিষয় : 'হাজী সরওয়ার সিএনজি ফিলিং স্টেশন, কক্সবাজার মোবাইল সিএনজি লিমিটেড' নামে স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশন এর ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের জন্য কমিশনে দাখিলকৃত আবেদনের উপর গণ-শুনানী।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী 'হাজী সরওয়ার সিএনজি ফিলিং স্টেশন, কক্সবাজার মোবাইল সিএনজি লিমিটেড' নামে স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশন এর ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের জন্য প্রতিষ্ঠানটি বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে আবেদন পেশ করেছে। স্বার্থ-সংশ্লিষ্ট সকল পক্ষকে (stakeholders) নিয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ১২ সেপ্টেম্বর, ২০১১ তারিখে উক্ত আবেদনের উপর এক উন্মুক্ত সভা করেছে। স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশনটির ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের আবেদন কমিশনের মূল্যায়নের জন্য গৃহীত হয়েছে।

স্থাপিতব্য ডটার সিএনজি স্টেশনটির ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের আবেদনের উপর আগামী ০৪ অক্টোবর, ২০১১ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় কমিশন কার্যালয়ে গণ-শুনানী অনুষ্ঠিত হবে। আহ্বানী যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ২৮ সেপ্টেম্বর, ২০১১ তারিখের মধ্যে কমিশনে নাম তালিকাভুক্ত করে উক্ত গণ-শুনানীতে অংশ নিয়ে পক্ষে বা বিপক্ষে বিশ্লেষণনির্ভর যুক্তি/মতামত উপস্থাপন করতে পারবেন।

আলোচ্য ডটার সিএনজি স্টেশন এর ভোক্তাপর্যায়ে সিএনজি'র বিক্রয় মূল্যহার নির্ধারণের আবেদনের অনুলিপি অফিস চলাকালীন সময়ে কমিশন কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে এবং কমিশনের ওয়েব সাইট www.berc.org.bd থেকে ডাউনলোড করা যাবে। আগামী ২৬ সেপ্টেম্বর, ২০১১ তারিখ পর্যন্ত এ বিষয়ে শুনানী-পূর্ব লিখিত বক্তব্য/মতামত কমিশন কার্যালয়ে গ্রহণ করা হবে।

কমিশনের নির্দেশক্রমে,


১৯.৯.২০১১

মোহাম্মদ আবু ফারুক
পরিচালক (অর্থ ও হিসাব)

ও

সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন : ৯১১ ১৭৯৫।